

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার (পিইসি) শেষ দিনে বান্দরবানের আলীকদম উপজেলার একটি কেন্দ্র থেকে সাত পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। আলীকদম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে এ ঘটনা ঘটে।

বহিষ্কৃতরা হলো নুর ফাতেমা বেগম, হালিমা বেগম, জাম্মাতুল ফেরদৌস, রুজিনা তঞ্চঙ্গ্যা, আয়েশা সিদ্দিকা, সাবিনা আক্তার এবং বিমল তারা তঞ্চঙ্গ্যা। এরা সবাই আলীকদম সরকারি উচ্চ বিদ্যালয় ও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সপ্তম, অষ্টম ও নবম শ্রেণির শিক্ষার্থী।

শুরু থেকে সব বিষয়ে অংশ নিলেও গতকাল সোমবার ভুয়া পরীক্ষার্থী হিসেবে তাদের শনাক্ত করার পর উপজেলা নির্বাহী কর্মকর্তা নাজিমুল হায়দার তাদের বহিষ্কার করেন। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ইফ্রান্দার নুরী ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রক্ষ) প্রকল্পভুক্ত পানবাজার তঞ্চঙ্গ্যাপাড়া, ভারত মোহন পাড়া এবং যতীন্দ্র পাড়াসহ কয়েকটি আনন্দ স্কুলের পরীক্ষার্থী সেজে তারা অংশ নিচ্ছিল।

আনন্দ স্কুলগুলোর বিরুদ্ধে অভিযোগ রয়েছে, পঞ্চম শ্রেণির কোনো শিক্ষার্থী না থাকলেও পিইসি পরীক্ষায় অংশগ্রহণ করে আসছিল। এত দিন এদের চিহ্নিত করা সম্ভব হয়নি। সূত্র জানায়, আনন্দ স্কুলগুলোর জন্য পিএসসি পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক হওয়ায় স্কুল টিকিয়ে রাখতে স্কুল কর্তৃপক্ষ এ কাজ করে যাচ্ছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, ভুয়া পরীক্ষার্থী অংশগ্রহণ করানোর ঘটনা তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

Print

সম্পাদক : ইমদাতুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইন্সট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com